আসছে টেসলার শ্রমিক রোবট

ইলেকট্রিক কার নির্মাতা মার্কিন প্রতিষ্ঠান টেসলা এবার মানবাকৃতির রোবট বানাচ্ছে। কোম্পানিটির প্রধান ইলন মাস্ক ২০২২ সালেই মানবসদৃশ ‘টেসলা বট’-এর প্রোটোটাইপ উন্মোচন করা হতে পারে বলে জানিয়েছেন।

১৯ অগাস্ট, টেসলার ‘এআই ডে’ অনুষ্ঠানে তিনি জানিয়েছেন, রোবটটি হবে পাঁচ ফুট আট ইঞ্চি উচ্চতার। বিপজ্জনক অথবা বিরক্তিকর যে কাজগুলো মানবকর্মীরা সাধারণত করতে চান না, টেসলার পাঁচ ফুট আট ইঞ্চি উচ্চতার নতুন রোবট সেই কাজগুলোই করবে বলে জানিয়েছেন মাস্ক।

এমনকি টেসলার মানবআকৃতির এ রোবট ‘অর্থনীতির ওপর বড় প্রভাব ফেলবে’ বলে মন্তব্য করেছেন মাস্ক। নিজের প্রতিষ্ঠানের রোবটগুলোকে শ্রমবাজারে কর্মী সংকটের সমাধান হিসাবে উপস্থাপন করেছেন তিনি। রোবটগুলোর নির্মাণ যেন ব্যয়বহুল না হয়, সে বিষয়টি আলাদা গুরুত্ব পাচ্ছে বলে জানিয়েছেন মাস্ক।

এটি যেন ব্যয়বহুল না হয় সে বিষয়টিকেও প্রাধান্য দেওয়া হচ্ছে। সাধারণত বিপজ্জনক অথবা বিরক্তিকর যে কাজগুলো মানবকর্মীরা করতে চান না, রোবটটি সেই কাজগুলোই করে দেবে।

এ ইভেন্টেই ‘ডোজো’ কম্পিউটারের জন্য নতুন চিপ উন্মোচন করেছে টেসলা। স্বনিয়ন্ত্রিত ড্রাইভিং সিস্টেম নির্মাণে সাহায্য করবে ডোজো। উচ্চ গতিসম্পন্ন কম্পিউটারটিও ২০২২ সাল নাগাদ চালু হবে বলে জানান মাস্ক।

অন্যদিকে, ‘স্বচালিত’ গাড়ির চালকের সহায়ক অটোপাইলট সিস্টেম নিয়ে ব্যাপক সমালোচনার মুখে পড়েছে টেসলা। টেসলার অটোপাইলট সিস্টেমের প্রতিক্রিয়া ও কার্যক্ষমতা নিয়ে উঠেছে নানা প্রশ্ন।

টেসলা ওই প্রযুক্তির গাড়ি বাজারজাত করেছে ‘সম্পূর্ণ স্বচালিত’ বলে। টেসলার দাবি ও বাস্তব ঘটনার মধ্যে সামঞ্জস্য না থাকায়, স্বচালিত গাড়ির ‘অটোপাইলট সিস্টেম’ নিয়ে সম্প্রতি তদন্তে নেমেছে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল হাইওয়ে ট্রাফিক সেইফটি অ্যাডমিনিস্ট্রেশন (এনএইচটিএসএ বছরখানেকের মধ্যে ‘সাইবারট্রাক’- এর জন্য নতুন কম্পিউটার হার্ডওয়্যার নিয়ে আসবে বলে জানিয়েছেন

তিনি। তবে কবে নাগাদ বহুল আলোচিত পিক-আপ ট্রাকটি বাজারে ছাড়া হবে, সেই বিষয়টি চেপে গেছে বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠানটি।

মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে টুইটার

মাইক্রোব্লগিং সাইট টুইটার আগস্টের দ্বিতীয় সপ্তাহে নকশায় আপডেট এনেছিল। এরপর মাইগ্রেইন, মাথাব্যথা ও চোখের ওপর বাড়তি চাপের অভিযোগ উঠেছে ব্যবহারকারীদের পক্ষ থেকে। এবার ওইসব অভিযোগের কারণে ডিজাইনে পরিবর্তন আনতে যাচ্ছে মাইক্রো ব্লগিং সাইটটি।

ব্যবহারকারীদের অভিযোগ, রঙিন বাটন এবং লিংকের বাড়তি উজ্জ্বলতার কারণেই নানা শারীরিক জটিলতার মুখে পড়তে হচ্ছে তাদের। অসন্তোষ আছে নতুন ফন্টের ব্যবহার নিয়েও। এসব অভিযোগের মুখে টুইটার আবারও বাটন কনট্রাস্টসহ ডিজাইনে পরিবর্তন আনতে যাচ্ছে বলে জানিয়েছে প্রযুক্তিবিষয়ক সাইট ভার্জ। বাটন কনট্রাস্টে যে পরিবর্তনগুলো এসেছে তার মধ্যে কালো ফলো বাটন নিয়ে ব্যবহারকারীদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে বলে জানিয়েছে সাইটটি। তবে এ ফিচারটির ক্ষেত্রে টুইটার কোনো পরিবর্তন আনবে কি না, সে বিষয়টি এখনো পরিষ্কার নয়। যে কোনো জনপ্রিয় সাইটে বড় কোনো পরিবর্তন এলে সেটি নিয়ে ব্যবহারকারীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া হবে-এটি একটি প্রত্যাশিত ব্যাপার বলে মন্তব্য করেছে ভার্জ। কিছু দিন পর ব্যবহারকারীদের একটা অংশ হয়তো নতুন পরিবর্তনের সঙ্গে মানিয়েও নিতেন।

তবে প্রযুক্তিনির্ভর জীবনে ব্যবহারকারীদের নিজের পছন্দে কিছু করার সুযোগ যে নেই বললেই চলে-সাম্প্রতিক ঘটনায় এ বিষয়টাই উঠে এসেছে। ওয়েবসাইট বা অ্যাপের ডিজাইন নিয়ে সিদ্ধান্ত শেষ পর্যন্ত নির্মাতা প্রতিষ্ঠানগুলোর হাতেই থাকে। এ ক্ষেত্রে ব্যবহারকারীদের পছন্দ-অপছন্দ জানানো বা মতামত দেওয়ার কোনো

মেহেরপুরে বজ্রপাত প্রতিরোধে তালের চারা রোপন

বজ্রপাত প্রতিরোধে এবং মাঠের কৃষকদের নিরাপত্তায় তালের চারা রোপন কর্মসুচীর উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বেলার ১১ টার সময় তালের চারা রোপন কর্মসুচীর উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ (বিএটিবি) গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর মাঠে অনুষ্ঠানের আয়োজন করে।

বিএটিবির আঞ্চলিক ব্যাবস্থাপক সাজ্জাদ আহ্◌োম্মদ তালুকদারের সভাপতিতে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতুল ও বিএটিবির এরিয়া ম্যানেজার এএসএম কামাল।

মোহাঃ রবিউল ইসলামের সঞ্চালনায় উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুল ইসলাম মাস্টার,উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা বিশ্বাস, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও বিটিভির মেহেরপুর প্রতিনিধি আলামিন হোসেন, কুষক লীগ নেতা আতিয়ার রহমান, কাথুনী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক সুজন আলীসহ স্থানীয় কৃষকবৃন্দরা এসময় উপস্থিত ছিলেন।

শুধু তালের চারা রোপনই নয় বজ্রপাতের আঘাত থেকে কৃষকদের নিরাপত্তায় বিভিন্ন মাঠে কৃষক ছাউনি স্থাপন করা হচ্ছে । নবীনপুর মাঠেও স্থাপন করা হবে কৃষক ছাউনি। কৃষক ছাউনির সাথে স্থাপন করা হবে বজ্রপাত প্রতিরোধক টাওয়ার। কুষকের সন্তান হিসেবে কৃষকদের কল্যাণে পাশে থেকে কাজ করার প্রতিশ্রুতি দেন এমপি সাহিদুজ্জামান খোকন।

মেহেরপুর লিফ রিজিয়ন(বনায়ন) কর্মসুচীতে মেহেরপুর জেলার বিভিন্ন

রাস্তা ও পতিত ফাকা জায়গায় ১১ হাজার তালের চারা রোপন করা হয়।

সারা দেশে ইন্টারনেটের নতুন দাম নির্ধারণ

অবশেষে একযুগ পর সারা দেশে ‘এক রেটে’ ইন্টারনেট সেবামূল্য (ট্যারিফ) নির্ধারণ করা হয়েছে। ফলে এখন থেকে কম দামে ইন্টারনেট পাওয়া যাবে। এই নতুন দাম আগামী ১ সেপ্টেম্বর থেকে কার্যকর হবে।

বৃহস্পতিবার বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থা-বিটিআরসি আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার।

বিটিআরসির চেয়ারম্যান শ্যাম সুন্দর সিকদারের সভাপতিত্বে ভার্চুয়ালি যুক্ত হয়ে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ডাক ও টেলিযোগাযোগ সচিব মো. আফজাল হোসেন, বিটিআরসির ভাইস চেয়ারম্যান সুব্রত রায় মৈত্র, বিটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক ড. রফিকুল মতিন, এনটিটিএন প্রতিষ্ঠান সামিট কমিউনিকেশন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফ আল ইসলাম, আইএসপিএবির সভাপতি আমিনুল হাকিম, আইআইজি ফোরামের মহাসচিব আহমদে জুনায়েদ প্রমুখ।

সংবাদ সম্মেলনে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী বলেন, যে সেবামূল্য বেঁধে দেওয়া হলো- তা ব্রডব্যান্ড ইন্টারনেটের জন্য। এ মূল্য নির্ধারণের ফলে ডিজিটাল বাংলাদেশের আরও এক ধাপ অগ্রগতি হলো। আজকের এ ঘোষণার ফলে সারা দেশে ‘এক দেশ এক রেট’ ইন্টারনেট বাস্তবায়ন আরও সহজ হলো। ৬ জুন ‘এক দেশ এক রেট’ ইন্টারনেট ঘোষণা দেওয়ার পর- তা বাস্তবায়নে সমস্যা হচ্ছিল। এখন এটা আর থাকবে না।

এ সময় কল ড্রপ নিয়েও কথা বলেন মোস্তাফা জব্বার। তিনি বলেন, মোবাইল অপারেটরের বিরুদ্ধে কল ড্রপ, নেটওয়ার্ক সমস্যা নিয়ে শত শত অভিযোগ রয়েছে। সাধারণ মানুষের সঙ্গে আমার সম্পৃক্ততা বেশি

থাকার কারণে সরাসরি অভিযোগ করেন অনেকে।

ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি) ও ভূগর্ভস্থ ক্যাবল সেবা এনটিটিএন চালু হওয়ার ১২ বছর পর নতুন এই সেবামূল্য নির্ধারণ করা হলো।

সংবাদ সম্মেলনে জানানো হয়, বিটিআরসি আইআইজির জন্য বিভিন্ন ভলিউমে ১১টি স্ল্যাবে ব্যান্ডউইথের দাম ও এনটিটিএনগুলোর জন্য ট্রান্সমিশন ক্যাপাসিটির ভলিউম অনুযায়ী ১৫টি স্ল্যাবে সেবামূল্য বেঁধে দেওয়া হয়। এটি ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদানে আইআইজি এবং আইএসপিএদের জন্য বেসরকারি এনটিটিএন’র ব্যাকহল (ক্যাপাসিটিভিত্তিক) ট্যারিফ। এ ছাড়া আগেই আইএসপির দাম তিনটি স্ল্যাবে (৫ এমবিপিএস ৫০০ টাকা, ১০ এমবিপিএস ৮০০ এবং ২০ এমবিপিএস এক হাজার ২০০ টাকা) বেঁধে দেওয়া হয়।

এর আগেও এই তিনটি প্রতিষ্ঠানের সেবামূল্য ছিল। কিন্তু তা কখনই সরকারিভাবে বেঁধে দেওয়া হয়নি। প্রতিষ্ঠানগুলো নিজেরা একটা দাম নির্ধারণ করে তা গ্রাহকের সামনে উপস্থাপন করত।

সংবাদ সম্মেলনে আইআইজি ফোরামের মহাসচিব আহমদে জুনায়েদ বলেন, সারা দেশে এখন এক দামে ব্যান্ডউইথ বিক্রি হবে। এতদিন ঢাকার বাইরে একেক আইএসপি একেক দামে ব্যান্ডউইথ কিনত। কিন্তু ট্যারিফ ঠিক করে দেওয়ার ফলে সারা দেশে এখন থেকে এক রেটে কিনবে।

যে অ্যাপগুলো দ্রুত স্মার্টফোনের ব্যাটারি ক্ষয় করে

নানা প্রয়োজনে নানারকম অ্যাপ রাখতে হয় স্মার্টফোনে। কিন্তু প্রায়ই দেখা যায় স্মার্টফোনের চার্জ দ্রুত ক্ষয় হয়ে যায়। এতে বিড়ম্বনায় পড়তে হয় ব্যবহারকারীদের। স্মার্টফোনের চার্জ দ্রুত শেষ হওয়ার জন্য দায়ী কিছু অ্যাপ।

জুম

মহামারির এ সময়ে তুমুল জনপ্রিয়তা পায় জুম। ভিডিও কলে, অনলাইন মিটিং, টেলিকনফারেন্সিংসহ নানা কারণে এটির ব্যবহার বাড়তে থাকে। এই অ্যাপ ব্যবহার করে একসঙ্গে ১০০ জন ভিডিও কনফারেন্সে যোগ দিতে পারেন।

ইউটিউব

মার্কিন প্রযুক্তি জায়ান্ট গুগলের ভিডিও স্ট্রিমিং প্ল্যাটফর্ম ইউটিউব। এই অ্যাপে ভিডিও চলার কারণে এটিও ব্যাটারি ড্রেইন করে দ্রুত।

ফেসবুক

বিশ্বের বহুল ব্যবহৃত এবং অন্যতম জনপ্রিয় সোশ্যাল মিডিয়া অ্যাপ্লিকেশন ফেসবুকও স্মার্টফোনের ব্যাটারি খরচের তালিকায় জায়গা করে নিয়েছে।

লিঙ্কড ইন

মাইক্রোসফটের অধীনে প্রফেশনালদের সামাজিক যোগাযোগের একটি অ্যাপ্লিকেশন লিঙ্কড ইন। এই সোশ্যাল মিডিয়া অ্যাপও স্মার্টফোনে ব্যাটারি নষ্ট করে।

টিন্ডার

একটি বৈশ্বিক অনলাইন ডেটিং অ্যাপ, যার মাধ্যমে নতুন নতুন মানুষের সাথে পরিচিত হয়। জনপ্রিয় এই ডেটিং অ্যাপও ফোনের ব্যাটারি দ্রুত শেষ হওয়ার অন্যতম কারণ।

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স

ফোরামের ফোকাল পয়েন্ট হিসেবে নির্বাচিত হলেন ইমরান হোসেন

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (YIGF) বাংলাদেশ জাতিসংঘ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের (UNIGF) সঙ্গে
বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ) এর একটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটি একটি বহু-অংশীদার, যুবক এবং যুবমহিলাদের নেতৃত্বাধীন প্ল্যাটফর্ম। যা ইন্টারনেট শাসন-সম্পর্কিত বিষয়গুলি জড়িত।

ইয়ুথ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম বাংলাদেশ ২০২১ এর গত ৩০-৩১ জুলাই আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয় ফোকাল পয়েন্ট (খুলনা) হিসেবে ইমরান হোসেন নির্বাচিত হয়েছেন। বাংলাদেশে প্রথমবারের মতো অনুষ্ঠানটি আয়োজন করেছে বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ)। এর পৃষ্ঠপোষকতা করেছে আইসিএএনএন, এপনিক, ফেসবুক এবং গুগল। এবিষয়ে

অনুষ্ঠানে ইমরান হোসেন বলেন, তিনি ২০১৪ সাল থেকে খুলনার অনেক বিভাগীয় শহর থেকে পৌরসভার সহায়তায় একটি বিনামূল্যে ইন্টারনেট প্রকল্প (ফ্রি ওয়াইফাই) শুরু করেছিলেন। এখন তিনি খুলনা বিভাগীয় যুবকদের জন্যই ন্টারনেট ব্যবহার, শাসন এবং কাজ করার আরেকটি সুযোগ পেয়েছেন। তিনি অনুষ্ঠানে ডোমেইন নাম নিবন্ধন প্রক্রিয়া এবং নিরাপত্তা নিয়েও কথা বলেছেন।
তিনি সবার জন্য সহজলভ্য, স্থিতিশীল এবং নিরাপদ ইন্টারনেটের জন্য কাজ করতে চান।

ফেসবুক পেজ ভেরিফাইড হলো সাদ্দাম হোসেনের

সম্প্রতি ফেসবুক কর্তৃপক্ষ উদ্ভাবনী তরুন সাদ্দাম হোসেনের ফেসবুক পেজ উদ্যোক্তা ক্যাটাগরিতে ভেরিফাই করে ব্লু ব্যাজ টিক

[illegible]
[illegible] www.facebook.com/ImSaddamHossien[illegible]
[illegible]

[illegible]

যায়।

অনেকেই ফেসবুক, ম্যাসেঞ্জার, টুইটার, হোয়াটসঅ্যাপসহ বিভিন্ন প্ল্যাটফর্মের মাধ্যমে তারা সাইবার অপরাধীদের শিকারে পরিণত হচ্ছেন। নারীরা ও শিশুরা এর প্রধান শিকার। কিশোর-কিশোরীরাই প্রথম দিকে এ ধরনের হয়রানির শিকার হচ্ছিল। এখন মধ্যবয়সিরাও এ ফাঁদে পা দিচ্ছেন।

ইউনিসেফের এক জরিপ অনুযায়ী, সাইবার বুলিংয়ের শিকার হওয়া ৩৮ শতাংশ মানুষের বয়স ১০ থেকে ১৩ বছর; ৩৬ শতাংশের বয়স ১৪ থেকে ১৫ বছর এবং ২৫ শতাংশের বয়স ১৬ থেকে ১৭ বছর। ঢাকায় অনলাইনে হয়রানির শিকার নারীদের ৭০ শতাংশের বয়স ১৫ থেকে ২৫ বছরের মধ্যে? বাংলাদেশসহ এশিয়ার কয়েকটি দেশের ওপর চালানো এক জরিপের বরাত দিয়ে ২০১৭ সালে বিবিসির এক প্রতিবেদনে বলা হয়- এসব দেশে সাইবার বুলিংয়ের ঝুঁকি উদ্বেগজনক হারে বাড়ছে এবং নারী ও অপ্রাপ্তবয়স্ক কিশোরীরা সবচেয়ে বেশি শিকার হচ্ছে বুলিংয়ের।

আপনি যদি একজন অভিভাবক হয়ে থাকেন, তাহলে আপনার সন্তানের ডিজিটাল বিহেভিয়ার লক্ষ করুন। অস্বাভাবিক আচরণ প্রত্যক্ষ করলে নিচের পদ্ধতি অনুসরণ করুন।

লক্ষ রাখুন

সন্তানের বা পরিবারের কোনো ছোট সদস্যের মেজাজ খুব দ্রুত পরিবর্তন ঘটছে কিনা খেয়াল রাখুন। এ মেজাজ খারাপের সঙ্গে তার ডিজিটাল ডিভাইসের কোনো সম্পর্ক আছে কিনা বোঝার চেষ্টা করুন।

কথা বলুন

কথা বলে জানার চেষ্টা করুন কী ঘটেছে। কোনো ক্লু পেলে কীভাবে এ ঘটনার সূত্রপাত ঘটল, কে বা কারা এর সঙ্গে জড়িত জানার চেষ্টা করুন।

প্রমাণ রাখুন

কোথায় কী ঘটছে তার রেকর্ড রাখুন। সম্ভব হলে ক্ষতিকর পোস্ট বা কমেন্টের স্ক্রিনশট নিয়ে রাখুন। বিভিন্ন আইন ও নীতিমালা বলে যে বুলিং সংঘটিত হয় এমন একটি অপরাধ; সুতরাং আপনি রেকর্ড রাখার সুযোগ নিশ্চয়ই পাবেন।

সাপোর্ট করুন ভিক্টিমকে

বুলিংয়ের শিকার কোনো ভিকটিমের জন্য সবচেয়ে জরুরি হচ্ছে সাপোর্ট। পরিবারের জুনিয়র সদস্যটির অস্বাভাবিক আচরণে ক্ষুব্ধ না হয়ে তার সমস্যাটি বোঝার চেষ্টা করুন। কীভাবে সে এ সমস্যা থেকে বের হয়ে আসতে পারবে সে ব্যাপারে তাকে সাহায্য করুন। সাহস জোগান, মনোবল অটুট রাখতে উৎসাহিত করুন।

প্রতিকারের চেষ্টা

অনলাইনে সহিংসতা ও সাইবার হয়রানির শিকার হলে আইনি সহায়তা নেওয়ার জন্য কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ডিভিশন, সাইবার পুলিশ সেন্টার, হ্যালো সিটিঅ্যাপ, রিপোর্ট টু র্যাব অ্যাপ, ৯৯৯ এবং প্রতিটির ফেসবুক পেজেও অভিযোগ করতে পারেন। শিশুদের সহায়তায় ১০৯৮ নম্বরে, নারী ও শিশুদের সহায়তায় ১০৯ হটলাইনে ফোন করেও সেবা নেওয়া যায়।

‘ফেসবুকের ভুয়া তথ্যে অনেকেই টিকা নিচ্ছেন না’

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন, সোশ্যাল মিডিয়ায় করোনা নিয়ে ভুল তথ্য ছড়িয়ে ‘মানুষ হত্যা’ করা হচ্ছে।

ভ্যাকসিন ও মহামারি নিয়ে মিথ্যা তথ্য ছড়ানোর ক্ষেত্রে ফেসবুকের মতো প্ল্যাটফর্মের ভূমিকা নিয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে এই মন্তব্য করেন বাইডেন। খবর বিবিসির।

শুক্রবার হোয়াইট হাউজে সাংবাদিকদের বাইডেন বলেন, তারা মানুষ হত্যা করছে। যারা টিকা দেয়নি, শুধু তাদের মধ্যেই এখন মহামারি বিরাজমান।

যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য কর্তৃপক্ষ শতর্ক করেছে, দেশটিতে সম্প্রতি কোভিডে মৃত্যু ও সংক্রমণের হার বৃদ্ধি পাওয়ার প্রভাব দেখা গেছে শুধুমাত্র টিকা দেয়নি এরকম কমিউনিটিগুলোতে।

কোম্পানিগুলোর ওপর সম্প্রতি ব্যাপক চাপের মধ্যে রেখেছে হোয়াইট হাউজ।

ফেসবুক বলেছে তারা জনস্বাস্থ্য রক্ষায় ‘আগ্রাসী পদক্ষেপ’ নিচ্ছে।

হ্যাকিং রোধে ফেসবুকের নতুন ফিচার

ফেসবুকে কে কত জনপ্রিয় সেটা বোঝা যায় তাদের পোস্টের লাইক, রিয়েক্ট ও কমেন্ট দেখে। কিন্তু এখানে থেকে যাচ্ছে কিছু সিকিউরিটি ও প্রাইভেসি ইস্যু। এ সিকিউরিটি ও প্রাইভেসির ব্যাপারে চিন্তা করে অনেকেই চান না নিজেদের পোস্টের লাইক ও রিয়েক্ট অন্য কেউ বা অপরিচিত কেউ দেখুক। ফেসবুক এ ইউজার প্রাইভেসির কথা মাথায় নিয়ে এসেছে নতুন একটি ফিচার, যার নাম-রিয়েকশন প্রেফারেন্সেস।

ইউজার প্রাইভেসি নিয়ে জেআর টেকনোলজির ডিরেক্টর জেনিফার আলম যুগান্তরকে জানান, ফেসবুকের এ অপশনটি অনেক গুরুত্বপূর্ণ; বিশেষ করে মেয়েদের জন্য। সাধারণত ইউজারদের খুব কাছের মানুষই তাদের প্রায় পোস্টে লাভ ও বিভিন্ন পোস্ট অনুযায়ী রিয়েকশন দিয়ে থাকে। সুতরাং সে ক্ষেত্রে কিন্তু কোনো হ্যাকার বা কোনো দুষ্কৃতিকারী যদি তাদের ফলো করে তারা খুব সহজেই বুঝে যাবে, তার ভিকটিমের কাছের লোক কারা, ভিকটিম কাদের সঙ্গে সবচেয়ে বেশি মেলামেশা করে। এ ফিচারটির মাধ্যমে ভিকটিম অনেকাংশেই ফিশিং ও আইডি হ্যাক থেকে কিছুটা হলেও নিরাপদ থাকতে পারবে। তাই ফেসবুকের এমন নতুনত্বকে সাধুবাদ জানানো যায় এবং যারা প্রাইভেসি মেইনটেইন করে থাকতে চান, তাদের উৎসাহিত করবে ফেসবুকের এ ফিচারটি ব্যবহার করতে।

যারা এ ফিচারটি ব্যবহার করতে চান তারা মোবাইল থেকে ফেসবুক অ্যাপটি ওপেন করে সরাসরি সেটিংস অপশনে চলে যাবেন, তারপর স্ক্রল করে সেটিংস অপশনের একদম নিচেই দেখতে পাবেন ‘Reaction Preferences’ নামে একটি অপশন আছে; সেখানে ক্লিক করলেই আপনার পোস্টে কে কে লাইক রিয়েক্ট দিয়েছে তা হাইড করতে পারবেন। আর যারা ফেসবুকের ওয়েবসাইট থেকে যারা করতে চান তারা প্রথমে ‘Settings and

Privacy’তে যাবেন এরপর ‘News Feed Preferences’ এ গিয়ে ‘Reaction preferences’ আপনি আপনার পছন্দমতো অপশন সিলেক্ট করতে পারবেন।

এ বিষয়ে আইটি ও সিকিউরিটি অ্যানালিস্ট রাইয়ান মালিক বলেন, যারা প্রাইভেসির কথা মাথায় রেখে ফেসবুক ইউজ করছে, তাদের জন্য এ সেটিংস খুবই গুরুত্বপূর্ণ। টার্গেটেড আইডি হ্যাক করার জন্য ও ফেসবুক অ্যাকাউন্টের কিছু সিকিউরিটি সার্ভিস ভাঙতে তাদের প্রয়োজন হয় ভিকটিমের কাছের মানুষের আইডি খুঁজে বের করা। পাশাপাশি যদি ফিশিং অ্যাটাকের কথা বলি, তাহলে সেখানেও হ্যাকাররা আপনার আইডি বা ফোন হ্যাক করার জন্য আপনার কাছের বা পরিচিত মানুষের আইডি হ্যাক করে বা ক্লোন আপনাকে ম্যালিসিয়াস লিংক পাঠাতে পারে। কারণ অনেক সময় হ্যাকারদের অপরিচিত অ্যাকাউন্ট থেকে পাঠানো লিংকে ভিকটিম ক্লিক করে না। এক্ষেত্রে ভিকটিমের লাইক-রিয়েকশন অফ করা থাকলে ভিকটিমের পরিচিত আইডি খুঁজে বের করা কিছুটা কষ্টসাধ্য। প্রাইভেসি ও সিকিউরিটির কথা চিন্তা করলে বলাই যায়, এ সার্ভিসটি নিয়ে আসা ফেসবুকের খুব ভালো একটি উদ্যোগ।